

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৯১

মোহনপুর, ৩০ ডিসেম্বর, ২০২৩

মোহনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদয়াটন  
ভবিষ্যৎ প্রজন্মকে গুণগত শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে : কৃষিমন্ত্রী

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতবর্ষকে বিশ্বগুরুর আসনে বসাতে চাহিছেন। এজন্য প্রয়োজন দুর্নীতি মুক্ত  
শাসন ব্যাবস্থা। তাই ভবিষ্যৎ প্রজন্মকে গুণগত শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে। গতকাল মোহনপুর দ্বাদশ শ্রেণী  
বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদয়াটন করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। কৃষিমন্ত্রী আরও  
বলেন, রাজ্য গুণগত শিক্ষার সম্প্রসারণে সরকার অগ্রাধিকার দিয়েছে। প্রান্তিক জনপদেও উন্নত পরিকাঠামো গড়ে  
তোলা হচ্ছে। উল্লেখ্য, বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৮৮ লক্ষ টাকা। এরপর কৃষিমন্ত্রী কলকলিয়া  
ও মোহনপুর তহশীল কার্যালয়ের নতুন ভবনের উদ্ঘোধন করেন।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, দেশের মধ্যে বিশ্বমানের ব্যাবস্থা গড়ে তোলার মূল হাতিয়ার হল শিক্ষা। গুণগত  
ও কারিগরি শিক্ষার প্রতি বর্তমান ছাত্র সমাজের উৎসাহ বাঢ়াতে হবে। তবেই এক শ্রেষ্ঠ ভারত নির্মাণ সম্ভব। অনুষ্ঠানে  
অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ ও ভাইস চেয়ারপার্সন শংকর  
দেব, গ্রামোন্নয়ন দপ্তরের চিফ ইনজিনীয়ার সাগর শুভম দেবনাথ, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ।

\*\*\*\*\*